

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২১৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২১৬]

পর্ব-১৩: সাহু (ভুল) (كِتَابُ السَّهْوِ)

পরিচ্ছেদঃ ১৯: সালাতে ইবলীসকে লানত দেয়া এবং তার অনিষ্ট থেকে আল্লাহর কাছে পানাহ চাওয়া

بَابُ لَعْنِ إِبْلِيسَ وَالتَّعَوُّذِ بِاللَّهِ مِنْهُ فِي الصَّلَاةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، عَنِ ابْنِ وَهْبٍ، عَنْ مُعَاوِيَةَ بْنِ صَالِحٍ، قَالَ: حَدَّثَنِي رَبِيعَةُ بْنُ زَيْدٍ، عَنْ أَبِي إِدْرِيسَ الْخَوْلَانِيِّ، عَنْ أَبِي الدَّرْدَاءِ، قَالَ: قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي فَسَمِعَنَاهُ، يَقُولُ: أَعُوذُ بِاللَّهِ مِنْكَ، ثُمَّ قَالَ: أَلْعُنُكَ بِلَعْنَةِ اللَّهِ ثَلَاثًا وَيَسْطُ يَدُهُ كَأَنَّهُ يَتَنَاوَلُ شَيْئًا، فَلَمَّا فَرَغَ مِنَ الصَّلَاةِ، قُلْنَا: يَا رَسُولَ اللَّهِ، قَدْ سَمِعْنَاكَ تَقُولُ فِي الصَّلَاةِ شَيْئًا لَمْ نَسْمَعْكَ تَقُولُهُ قَبْلَ ذَلِكَ، وَرَأَيْنَاكَ بَسَطْتَ يَدَكَ، قَالَ: إِنَّ عَدُوَّ اللَّهِ إِبْلِيسَ جَاءَ بِشَهَابٍ مِنْ نَارٍ لِيَجْعَلَهُ فِي وَجْهِ، فَقُلْتُ: أَعُوذُ بِاللَّهِ مِنْكَ ثَلَاثَ مَرَّاتٍ، ثُمَّ قُلْتُ: أَلْعُنُكَ بِلَعْنَةِ اللَّهِ فَلَمْ يَسْتَأْخِرْ ثَلَاثَ مَرَّاتٍ، ثُمَّ أَرَدْتُ أَنْ آخُذَهُ، وَاللَّهِ لَوْ لَا دَعْوَةُ أَخِينَا سُلَيْمَانَ لَأَصْبَحَ مُوثَقًا بِهَا يَلْعَبُ بِهِ وَوَدَانَ أَهْلَ الْمَدِينَةِ .

تخريج دارالدعوة: صحيح مسلم/المساجد ٨ (٥٢٢)، (تحفة الأشراف: ١٠٩٢٠)

(صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1216 - صحيح

বাংলা

১২১৫. মুহাম্মাদ ইবনু সালামাহ্ (রহ.) আবু দারদা (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) (একবার) সালাতে দাঁড়ালে আমরা তাঁকে বলতে শুনলাম, আমি তোর (ইবলীস) হতে আল্লাহর কাছে আশ্রয় চাই। অতঃপর বললেন, আমি আল্লাহর অভিশাপ দ্বারা তোকে অভিশাপ দিচ্ছি। (এ বাক্যটি তিনি) তিনবার (বললেন) এবং স্বীয় হাত প্রসারিত করলেন যেন কোন কিছু ধরতে চাইছেন। যখন তিনি সালাত সমাপ্ত করলেন, আমরা বললাম, হে

আল্লাহর রসূল! (আজ) আমরা সালাতে আপনাকে এমন কিছু বলতে শুনেছি যা ইতঃপূর্বে আর কখনও শুনিনি। আর আপনাকে হাতও প্রসারিত করতে দেখেছি। তিনি বললেন, আল্লাহর দুশমন শয়তান অগ্নিস্কুলিঙ্গ নিয়ে এসেছিল আমার চেহারায়ে নিক্ষেপ করার জন্যে তখন আমি তিনবার বললাম, আমি তোরে অনিষ্ট থেকে আল্লাহর নিকট আশ্রয় চাই। এরপর আমি তিনবার বললাম আল্লাহর লা'নাত দ্বারা আমি তোকে লা'নাত দিচ্ছি। এতেও সে যখন পিছনে সরে গেল না, তখন আমি তাকে ধরতে ইচ্ছা করেছিলাম। আল্লাহর কসম! যদি আমার ভাই সুলায়মান আলায়হিস সালাম-এর দু'আ না থাকত তাহলে সে ভোর পর্যন্ত খুঁটির সাথে বাধা থাকত; তার সাথে মদীনার শিশু কিশোররা খেলা করত।

English

19. Cursing Iblis And Seeking Refuge With Allah From Him While Praying

It was narrated that Abu Ad-Darda' said: The Messenger of Allah (ﷺ) stood praying, and we heard him say: 'I seek refuge with Allah from you.' Then he said: 'I curse you with the curse of Allah (SWT),' three times and stretched out his hand as if to take something. When he finished praying we said: 'O Messenger of Allah, we heard you say something in your prayer that we have never heard you say before, and we saw you stretch out your hand.' He said: 'The enemy of Allah (SWT), Iblis, came with a brand of fire to throw it in my face, so I said: I seek refuge with Allah from you three times, then I wanted to take hold of him. By Allah (SWT), were it not for the prayer of our brother Sulaiman, he would have been tied up this morning for the children of Al-Madinah to play with him.'

ফুটনোট

সহীহ: মুসলিম ৫৪২, সহীহ ইবনু খুযায়মাহ ৮৯৩, মুসনাদে আবী আওয়ানাহ (২/১৪৪), বায়হাকী'র “সুনানুল কুবরা” (২/২৬৪), ইওয়াউল গালীল ৩১৯।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87609>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন